

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২ ১৬০

জম্মুইজলা, ১২ ডিসেম্বর, ২০২৪

জম্মুইজলায় ২৭২ জন ছাত্রীকে বাইসাইকেল বিতরণ

জম্মুইজলা মহকুমার অন্তর্গত ২০টি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের ২৭২ জন নবম শ্রেণীর ছাত্রীকে আজ বাইসাইকেল বিতরণ করা হয়। সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশমান বিদ্যালয় প্রাঙ্গণে বাইসাইকেল বিতরণ করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন জম্মুইজলা বিএসি'র চেয়ারম্যান বীরেন্দ্র কিশোর দেববর্মা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক বিশ্বজিৎ কলই। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজসেবী রবীন্দ্র দেববর্মা এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশমান বিদ্যালয়ের অধ্যক্ষ ধর্মচরণ জমাতিয়া। আজ অনুষ্ঠানে ছাত্রীদের হাতে বাইসাইকেল তুলে দেন অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ।
